

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়**  
**প্রফেসর সালামকে**  
**অনারারী ডক্টরেট**

**প্রদান করিবে**  
(ইন্ডেক্স রিপোর্ট)

১৮ই জানুয়ারী এক বিশেষ সমাবর্তন উৎসবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নোবেল পুরস্কার বিজয়ী উপমহাদেশের পদার্থবিজ্ঞানী প্রফেসর আবদুস সালামকে অনারারী ডিএসসি ডিগ্রী প্রদান করিবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় মিলনায়তনে এই সমাবর্তন অনুষ্ঠিত হইবে।

বাংলাদেশ পদার্থ বিজ্ঞানী সমিতি ১৮ই জানুয়ারী বিকাল ৫টায় কাজ ন হলের সবুজ লেনে এক অনুষ্ঠানে প্রফেসর আবদুস সালামকে অনারারী ফেলোশীপ প্রদান করিবে। বাংলাদেশ একাডেমী অব সায়েন্সেস তাহাকে বৈদেশিক সদস্যপদ দানের উদ্যোগ গ্রহণ করিয়াছে।

১৭ই জানুয়ারী সকাল ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে পদার্থবিজ্ঞান বিভাগের রত্নতরুর উদ্বোধনী অনুষ্ঠানে প্রফেসর আবদুস সালাম বক্তৃতা করিবেন।